সংবাদ।

তাং ১৮।২।৮১
পৃষ্ঠা ৩ কলাম ৫

000118

## প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভের প্রতি সমর্থন

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আঃ

## প্রাথমিক শিক্ষক

(১ম পাতার পর)

কাঃ ফজলুল হক এক বিবৃতিতে ১৯শে ফেব্রুয়ারী থেকে ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত মহাবিক্ষোভে অংশগ্রহণকারী শিক্ষকদেরকে খাবার পানি সরবরাহ করার জন্য ওয়াসা কর্তৃপক্ষের প্রতি আবেদন জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেনঃ পানির অভাবে শিক্ষকগণ কষ্ট পেলে এর জন্য সরকারকে দায়ী হতে হবে।

ভাসানী ন্যাপের চেয়ারম্যান আবু নাসের খান ভাসানী ও সেক্রেটারী জেনারেল আবদুস সোবহান গতকাল এক বিবৃতিতে ধর্মঘটরত প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবী দাওয়া মেনে নেয়ার আহ্বান জানান। বিবৃতিতে তারা শিক্ষকদের ঘোষিত মহাবিক্ষোভ দিবসের কর্মসূচীর প্রতি একাত্মতা ঘোষণা করেন।

### ম্যানেজিং কমিটির সমর্থন

ঢাকা মহানগরী প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটি সংগ্রাম পরিষদ প্রাথমিক শিক্ষক সমিতি আহূত আগামী ১৯, ২০ ও ২১শে ফেব্রুয়ারীর মহাবিক্ষোভের প্রতি পূর্ণ সমর্থন ঘোষণা করেছে।

সংগ্রামপরিষদের আহ্বায়ক মোঃ সালেহউদ্দিন সেলিম ও সদস্য আবু বকর সিদ্দিক গতকাল এক বিবৃতিতে প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য সদস্যা ও অভিভাবকদেরকে মহাবিক্ষোভে অংশগ্রহণ করার অনুরোধ জানিয়েছেন।

সর্বদলীয় শ্রমিক কর্মচারী সংগ্রাম পরিষদ নির্যাতনের পথ পরিহার করে আলাপ-আলোচনার মাধ্যমে শিক্ষকদের ন্যায্য দাবী দাওয়া মেনে নেয়ার আহ্বান জানিয়েছে। সংগ্রাম পরিষদের পক্ষে মিসির আহমদ ভূইয়া এক বিবৃতিতে মহাবিক্ষোভের কর্মসূচীকে সফল করে তোলার জন্য শ্রমিক শ্রেণীর প্রতি আবেদন জানান।

বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির ঢাকা মহানগরী শাখা প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভ দিবসে সচিবালয়ের সামনে অবস্থানরত প্রাথমিক শিক্ষকদের পানি, প্রাথমিক চিকিৎসা ও অন্যান্য সাহায্য প্রদানের জন্য দলের কার্যালয়ে একটি ক্যাম্প খোলার সিদ্ধান্ত নিয়েছে। এরজন্য একটি স্বেচ্ছাসেবক দল ও একটি মেডিক্যাল টিম গঠন করা হয়েছে।

### ছাত্র ধর্মঘট

প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবীর স্বপক্ষে ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইস চ্যান্সেলর এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান পদে দু'জন স্বাধীনতা বিরোধী ব্যক্তিকে নিয়োগের প্রতিবাদে ১৯শে ও ২০শে ফেব্রুয়ারী সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালনের জন্য ছাত্র লীগের (মনীর) সভাপতি ও সাধারণ সম্পাদক ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।